দৈনিক বাংলা

১৫


শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র



তারিখ 12 JAN 1987
পৃষ্ঠা 5 কলাম 1


## আটটি আঞ্চলিক শিক্ষা উপ-পরিচালকের অফিস গঠিত

সরকার দেশের ক্রমবর্ধমান শিক্ষা প্রতিষ্ঠানের সুষ্ঠু পরিদর্শন, তত্ত্বাবধান ও বেসরকারী স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষক-কর্মচারীদের বেতনের জন্য অনুদান সুষ্ঠুভাবে বিতরণের উদ্দেশ্যে চারটি বিভাগীয় উপ-পরিচালকের অফিস পুনর্গঠন করে আটটি আঞ্চলিক উপ-পরিচালকের অফিস গঠন করেছেন। খবর তথ্য বিবরণীর।

এই আটটি আঞ্চলিক উপ-

(৭-এর পৃঃ দ্রঃ)

## উপ-পরিচালকের অফিস গঠিত

ঢাকা আঞ্চলিক অফিস গঠিত হবে। ময়মনসিংহ, কিশোরগঞ্জ, নেত্রকোনা, জামালপুর, শেরপুর ও টাঙ্গাইল জেলা নিয়ে ময়মনসিংহ আঞ্চলিক অফিস গঠিত হবে।

চট্টগ্রাম, কক্সবাজার, রাঙ্গামাটি, বান্দরবান, খাগড়াছড়ি, নোয়াখালী, ফেনী ও লক্ষীপুর জেলা নিয়ে চট্টগ্রাম আঞ্চলিক অফিস গঠিত হবে।

কুমিল্লা, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার ও সুনামগঞ্জ জেলা নিয়ে কুমিল্লা আঞ্চলিক অফিস গঠিত হবে।

রাজশাহী, নবাবগঞ্জ, নওগাঁ, নাটোর, বগুড়া, জয়পুরহাট, পাবনা ও সিরাজগঞ্জ জেলা নিয়ে রাজশাহী আঞ্চলিক অফিস গঠিত হবে।

রংপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, নিলফামারী, লালমনিরহাট, দিনাজপুর, ঠাকুরগাঁও ও পঞ্চগড় জেলা নিয়ে রংপুর আঞ্চলিক অফিস গঠিত হবে।

বরিশাল, পিরোজপুর, ঝালকাঠি, ভোলা, পটুয়াখালী, বরগুনা, গোপালগঞ্জ, শরিয়তপুর ও মাদারীপুর জেলা নিয়ে বরিশাল আঞ্চলিক অফিস এবং খুলনা, যশোর, নড়াইল, ঝিনাইদহ, মাগুরা, কুষ্টিয়া, মেহেরপুর, চুয়াডাঙ্গা, সাতক্ষীরা ও বাগেরহাট জেলা নিয়ে খুলনা আঞ্চলিক অফিস গঠিত হবে।

পুনর্গঠিত আঞ্চলিক উপ-পরিচালকের অফিসসমূহ আগামী ৩১শে জানুয়ারী থেকে কার্যকরী হবে।